তারিখ ...2-2 NOV 1994
পৃষ্ঠা ৯ কলাম ২

দৈনিক ইনকিলাব

20

স্নানঘাটা হাই স্কুলে ছাত্রদের ক্ষোভ

# ক্লাস না করে প্রধান শিক্ষকের ১৫ বছর যাবত বেতন গ্রহণ?

মাদারীপুর জেলার কালকিনি থানাধীন স্নানঘাটা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব রুস্তম আলী খান দীর্ঘ ১৫ বছর যাবত স্কুলে ক্লাস না করেও যতারীতি বেতন গ্রহণ করছেন বলে জানা গেছে। জনাব রুস্তম আলী খান স্কুলে উপস্থিত থেকে পাঠদান না করলেও তিনি স্কুলে বিল-ভাউচার, শিক্ষক কল্যাণ ভাতা, বেতন ভাতা এসব যতারীতি নিজেই সংরক্ষণ করছেন।

জনাব রুস্তম আলী খান ইতোপূর্বে ডামুড্যা থেকে স্কুল পরিচালনা করতেন। বর্তমানে তিনি মাদারীপুর থেকে স্কুল পরিচালনা করছেন।

ফলে, দীর্ঘদিন যাবত স্কুলের ছাত্ররা তাদের প্রয়োজনীয় শিক্ষা হতে বঞ্চিত হচ্ছে। এ বিষয়ে ছাত্র-ছাত্রীদের মাঝে দারুণ ক্ষোভ ও হতাশা বিরাজ করলেও স্কুলের সাথে সংশ্লিষ্ট প্রভাবশালী মহলের হুমকির কারণে স্থানীয় জনগণ ও ছাত্র-ছাত্রীগণ শত প্রতিবাদ করেও এর প্রতিকার পাননি। স্কুলে প্রয়োজনীয় শিক্ষক নেই দীর্ঘদিন থেকেই। বোর্ডের অনুমোদন ব্যতীত পরীক্ষা দেয়ায় পরীক্ষায় পাস করেও ছাত্র-ছাত্রীগণের রেজিস্ট্রেশন নাম্বার না থাকায় কোনো কলেজে ভর্তি হতে পারেনি। ফলে অনেক ছাত্রীকে অকালে শিক্ষা থেকে বিদায় নিতে হয়েছে।

স্কুলটিতে প্রধান শিক্ষকের অনুপস্থিতির কারণে অন্যান্য শিক্ষকগণ যথারীতি স্কুলে আসছেন না। ফলে শিক্ষকদের মধ্যে দলাদলিসহ স্বেচ্ছাচারিতার ফলে স্কুলের পড়াশোনায় দারুণ ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। স্কুলের খাতাপত্র, আয়-ব্যয়ের কোনো সঠিক হিসেব নেই।

স্কুলটি অতিসত্বর নিরপেক্ষ উচ্চ পর্যায়ের পরিদর্শন টীম দ্বারা পরিদর্শন করালে অনেক অজানা তথ্য বেরিয়ে আসবে বলে অভিজ্ঞ মহল ধারণা করছেন। প্রেস বিজ্ঞপ্তি।